

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন  
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.brdb.gov.bd](http://www.brdb.gov.bd)




স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০০৪.২১-১০৫৫

তারিখঃ ২৮/১২/২০২১ খ্রিঃ

বিষয়ঃ বেতনভাতা বাবদ গৃহীত অতিরিক্ত অর্থ সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিভুক্ত ভোলা জেলার চরফ্যাশন উপজেলায় কর্মকালীন আর্থিক বিধি লঙ্ঘনপূর্বক অর্জিত আয় না থাকা সত্ত্বেও বেতনভাতা বাবদ ৪৮০৩২.০০ টাকা ও পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলায় কর্মকালীন ২০২৫৬.০০ টাকা উত্তোলন করেছেন। ইতোপূর্বে উক্ত অর্থ জমাদানের জন্য নির্দেশনা প্রদান করা সত্ত্বেও আপনি অদ্যাবধি জমা প্রদান করেননি। বেতনভাতা বাবদ অতিরিক্ত গৃহীত মোট (৪৮০৩২.০০ + ২০২৫৬.০০) = ৬৮,২৮৮.০০ টাকা আগামী ৩১/০১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে কর্মসূচি সদর দপ্তরের IRESPPW, BRDB, Dhaka (SND 0123003000045, সোনালী ব্যাংক লিঃ, সোনারগাঁও হোটেল শাখা, ঢাকা) শিরোনামে জমা প্রদান করার জন্য কঠোরভাবে নির্দেশনা প্রদান করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট হিসাবে সমুদয় অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে অব্যাহতি প্রদানসহ সরকারী অর্থ আদায়ের জন্য আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক

মাহবুবুর রহমান  
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা  
ইরেসপো, বিআরডিবি  
মনপুরা, ভোলা

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০০৪.২১-১০৫৫

তারিখঃ ২৮/১২/২০২১ খ্রিঃ


অনুলিপিঃ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ভোলা।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: মনপুরা জেলা: ভোলা।

(নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত অর্থ জমাদানের বিষয়টি নিশ্চিতকরণসহ এ সংক্রান্ত তথ্য সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।

  
মুহাম্মদ মাহবুব আলম  
উপপ্রকল্প পরিচালক